



স্কুল অব এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট (সার্ড)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৫, ফোন ও ফ্যাক্সঃ ০২-৯২৯১১১০

সূত্র : বাউবি/সার্ড/৫৯৮ তারিখ: ০৬/১২/২০১৮

বিএজিএড প্রোগ্রামের ১৯১ (জানুয়ারি-জুন, ২০১৯) টার্মে ভর্তির জন্য মনোনীত ও অপেক্ষমান শিক্ষার্থীদের তালিকা ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী :

বিষয়	ভর্তির তারিখ
মনোনীত শিক্ষার্থীদের ভর্তির তারিখ (মূল তালিকা)	১০/১২/২০১৮ ইং সোমবার হতে ১৭/০১/২০১৯ ইং বৃহস্পতিবার পর্যন্ত।
সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক পরিচালক কর্তৃক শূন্য আসন সংখ্যা প্রকাশ (মূল তালিকা হতে ভর্তি শেষে)	১৭/০১/২০১৯ ইং বৃহস্পতিবার (অপরাহ্ন)।
অপেক্ষমান তালিকা হতে ভর্তির তারিখ	২১/০১/২০১৯ ইং সোমবার হতে ১৮/০২/২০১৯ ইং সোমবার পর্যন্ত।

মূল ও অপেক্ষমান তালিকা হতে শিক্ষার্থী ভর্তির প্রক্রিয়াঃ

- ১। বিএজিএড প্রোগ্রামে ১৯১ (জানুয়ারি-জুন, ২০১৯) টার্মে ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদেরকে নির্ধারিত ব্যাংকে আইডি কার্ডের ২০০/- (দুই শত) টাকাসহ মোট ৫,০৫০/- (পাঁচ হাজার পঞ্চাশ মাত্র) টাকা জমা দিয়ে সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে স্বশরীরে উপস্থিত হয়ে নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তি কর্মকর্তা আবেদনকারীর মূল কাগজপত্র, ছবি ও নির্ধারিত ফি জমা নিশ্চিত হয়ে ভর্তি করবেন।
- ২। কোনো স্টাডি সেন্টারে মূল তালিকা হতে ভর্তি শেষে অপেক্ষমান তালিকায় থাকা প্রার্থী সংখ্যা শূন্য আসনের সমান বা কম হলে ২১/০১/২০১৯ সোমবার হতে ১৮/০২/২০১৯ সোমবার তারিখ পর্যন্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে।
- ৩। কোনো স্টাডি সেন্টারে শূন্য আসন সংখ্যার চেয়ে অপেক্ষমান তালিকায় থাকা প্রার্থীর সংখ্যা বেশি হলে মূল তালিকা হতে ভর্তি শেষে অপেক্ষমান তালিকা হতে মেধাক্রমানুসারে প্রয়োজনীয় সংখ্যক প্রার্থীকে (যে কয়টি আসন শূন্য হবে) ২১/০১/২০১৯ সোমবার হতে ১১/০২/২০১৯ তারিখ সোমবার পর্যন্ত সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক পরিচালক ভর্তির অনুমতি দিবেন।
- ৪। তবে ১১/০২/২০১৯ ইং তারিখ পর্যন্ত সকল শূন্য আসন পূরণ না হলে ১২/০২/২০১৯ তারিখ ভর্তি হতে আগ্রহী অপেক্ষমান তালিকাভুক্ত শিক্ষার্থীগণ সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে বেলা ১১:০০ টায় রিপোর্ট করবেন। উপস্থিত প্রার্থীদের মধ্যে হতে প্রয়োজনীয়সংখ্যক শিক্ষার্থীকে সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক পরিচালক ১২/০২/২০১৯ ইং তারিখ মঙ্গলবার হতে ১৮/০২/২০১৯ তারিখ সোমবার পর্যন্ত ভর্তির সুযোগ দিবেন (আগে আসলে আগে ভর্তির সুযোগ পাবেন)।

(প্রফেসর ড. মোঃ ফরিদ হোসেন)

সভাপতি, ভর্তি কমিটি (১৯১ টার্ম)

ও

ডীন, কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল।

ভর্তির জন্য মনোনীত ও অপেক্ষমান শিক্ষার্থীদের তালিকা সংযুক্ত (BIMS কর্তৃক প্রণীত)